

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের নিয়ন্ত্রণমূলক পরিদর্শন কার্যক্রম বিষয়ক কর্মশালা

ঢাকা


২৬ ফেব্রুয়ারি, ২০১৯;

আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (আইএইএ) এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক) এর যৌথ উদ্যোগে পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের নিয়ন্ত্রণমূলক পরিদর্শন কার্যক্রম বিষয়ক ০৪ (চার) দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী উপস্থিত ছিলেন। কর্মশালার সভাপতিত্ব করেন বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের (বাপশনিক) চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী এবং রিসোর্চ পারসন হিসেবে আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার বিশেষজ্ঞগণ উপস্থিত ছিলেন।

মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের মাধ্যমে দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যেতে হবে। সেই ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতায় প্রতিষ্ঠানগুলোকে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য তিনি আহবান জানান। বর্তমান সরকার বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের মাধ্যমে দেশের উন্নয়নে বন্ধপরিষ্কার। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (বাপশক) এবং আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) সকল সেফটি মানদণ্ড ও গাইডলাইন এবং বাংলাদেশের বিদ্যমান আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করেছে। পরমাণু শক্তি সংস্থাসহ আন্তর্জাতিক, স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল কারিগরি মূল্যায়ন ও পর্যালোচনা করে বিশেষজ্ঞ মতামত ও গ্রহণ করা হয়েছে। আর সে অনুযায়ী প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সুষ্ঠুভাবে কাজ করে যাওয়া নির্দেশন প্রদান করেন।

কর্মশালায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের লাইসেন্সধারী বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বিভিন্ন পর্যায়ের ২৫ (পঁচিশ) জন বিজ্ঞানী/ প্রকৌশলী অংশগ্রহণ করেন এবং পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের নির্মাণ পর্যায়ের বিভিন্ন নিয়ন্ত্রণমূলক পরিদর্শন কার্যক্রম নিয়ে বিজ্ঞানী/প্রকৌশলীবৃন্দ প্রশিক্ষণ নিচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর, রোসাটমের উর্ধ্বতন কর্মকর্তাসহ মন্ত্রণালয়াদীন সংস্থাপ্রধানগণ এবং প্রকল্পপরিচালকগণ উপস্থিত ছিলেন।


(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / ✉ ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com